

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ জানুয়ারী ২০২৩ খ্রি.

নগর বাইশ মহল্লা সর্দার কমিটির সাথে মতবিনিময় সভায় মেয়র
একটি মহল করদাতাদের নানাভাবে বিভ্রান্তি করার চেষ্টা করলেও
তাদের অপচেষ্টা ব্যর্থতায় পরিগণিত হয়েছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, নগরবাসীর গৃহকর নিয়ে যে অসন্তোষ ছিল তা গণশুনানীর মাধ্যমে আপীল নিষ্পত্তি করে সহনীয় পর্যায়ে কর মূল্যায়ন করায় স্বতঃস্ফূর্তভাবে করদাতারা আগ্রহ নিয়ে আপীল শুনানীতে অংশগ্রহণ করেছেন। তিনি বলেন, একটি মহল করদাতাদের নানাভাবে বিভ্রান্তি করার চেষ্টা করলেও তাদের অপচেষ্টা ব্যর্থতায় পরিগণিত হয়েছে। মানুষের ভোগান্তি লাঘবে কাজ করলে ভার ফল পাওয়া যায়। যারা এখনো আপীল করেননি তারা আপীলে অংশ নিয়ে অসঙ্গতিপূর্ণ কর সহনীয় পর্যায়ে নির্ধারণের এগিয়ে আসার আহ্বান জানান। তিনি আরো বলেন, করদাতাদের ট্যাক্সের উপর নির্ভর করে চট্টগ্রাম নগরীর উন্নয়ন এবং নগরবাসীর বিভিন্ন সেবাদান কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এ ক্ষেত্রে করদাতাদের কারের বোঝা না চাপিয়ে আয়বর্ধক প্রকল্প গ্রহণ করা হচ্ছে বলে নগর সর্দার কমিটির নেতৃবৃন্দকে জানান। তিনি গৃহকর নিয়ে করদাতার হয়রানির হলে সরাসরি মেয়রকে জানানোর জন্যও সর্দার কমিটির নেতৃবৃন্দকে অবহিত করেন। আজ বৃহস্পতিবার বিকেলে টাইগারপাসস্থ নগর ভবনের মেয়র দপ্তরে নগর বাইশ মহল্লা সর্দার কমিটির নেতৃবৃন্দের সাথে এক মতবিনিময় সভায় তিনি একথা বলেন।

এ সময় নগর বাইশ মহল্লা সর্দার কমিটির সভাপতি মো. ইউসুফ সর্দার বলেন, গৃহকর নিয়ে মেয়র উপস্থিতিতে যে গণশুনানী চলছে তাতে এলাকাবাসী খুবই খুশি। তিনি মেয়রের এই উদ্যোগকে একটি যুগান্তকারী উদ্যোগ হিসেবে অবহিত করে মহল্লা বাসীর পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানান। তিনি মহল্লা বাসীর প্রতি মেয়রের এই উদ্যোগে সাড়া দিয়ে বাকী করদাতাদের যারা এখনো আপীলে অংশগ্রহণ করেননি তাদের গণশুনানীতে অংশগ্রহণের আহ্বান জানান। তিনি মরহুম জননেতা জানে আলম দোভাষ চত্বরের সৌন্দর্য্য বর্ধন ও চৈতন্য গলি কবর স্থানের গেইট নির্মাণের উদ্যোগ গ্রহণ করায় মেয়রকে ধন্যবাদ জানান।

এ সময় উপস্থিত ছিলেন-মহল্লা সর্দার কমিটির সিনিয়র সহসভাপতি এস.এম শওকত হোসেন, সহসভাপতি আলহাজ্ব আলী বক্স, সুফী শেখ জাহেদ হোসেন, সহসাধারণ সম্পাদক মো. সালাহউদ্দীন আহমেদ, সমাজ কল্যাণ সম্পাদক জাহেদ হোসেন প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩